**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 01-05-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনে মহারাষ্ট্র ও গুজরাট গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করছে।**

**(২) সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তর আজ থেকে অটলবিহারী বাজপেয়ী রিজিওন্যাল ক্যানসার হাসপাতালে হেল্পডেস্ক চালু করেছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মুম্বাইয়ের জিও ওয়ার্ল্ড কনভেনশন সেন্টারে প্রথম ওয়ার্ল্ড অডিও ভিজ্যুয়াল এন্টারটেইনমেন্ট সামিট, ওয়েভস ২০২৫-এর উদ্বোধন করেন|**

**(৪) রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৫ ক্রিকেটে সদর-এ ফাইনালে উঠেছে।**

********************************************

**Statehood Day-Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনে মহারাষ্ট্র ও গুজরাট গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করছে। মহারাষ্ট্র ও গুজরাট রাজ্য প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আজ রাজভবনে আয়োজিত এক অনুষ্ঠানে রাজ্যপাল একথা বলেন। তিনি বলেন, দুটি রাজ্যই গুরুত্বপূর্ণ। মহারাষ্ট্র দেশের অর্থ নীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা নিচ্ছে। অন্যদিকে গুজরাট শিল্পক্ষেত্রে গুরুত্বপূর্ণ এক রাজ্য।

\#\#\#\#\#\#\#\#Byte-Governor\#\#\#\#\#\#\#

অনুষ্ঠানে রাজ্যপাল, ত্রিপুরায় কর্মরত মহারাষ্ট্র ও গুজরাট নিবাসীদের উত্তরীয় পরিয়ে সংবর্ধনা জানান। অনুষ্ঠানে ভাষন দেন ত্রিপুরায় ওএনজিতে

কর্মরত আধিকারিক গুজরাটের জয়েশ ট্যাংক ও রাজেশ কুমার রামচন্দ্র চিচোলিকর।

**************************

**Social Education Minister :**

সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের উদ্যোগে আজ থেকে অটলবিহারী বাজপেয়ী রিজিওন্যাল ক্যানসার হাসপাতালে হেল্পডেক্স চালু হয়েছে। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় হেল্পডেস্কের উদ্বোধন করে বলেন রাজ্যের ক্যানসার আক্রান্ত রোগীরা অল্প সময়ের মধ্যে যাতে ভাতা পেতে পারেন সেই লক্ষ্যে এই সহায়তা কেন্দ্র খোলা হয়েছে। ক্যানসার আক্রান্ত রোগীদের মধ্যে যারা সরকারি চাকুরি করেননা এবং যাদের বার্ষিক আয় ১ লক্ষ ৫০ হাজার টাকার নিচে তারা এই ভাতা পেয়ে থাকেন। ইতিমধ্যে রাজ্যে প্রায় ৪ হাজারের মতো ক্যানসার আক্রান্ত রোগী এই ভাতা পাচ্ছেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন রিজিওন্যাল ক্যানসার হাসপাতালের রোগীকল্যাণ সমিতির চেয়ারম্যান বিধায়ক রতন চক্রবর্তী, রোগীকল্যাণ সমিতির ভাইস প্রেসিডেন্ট ডা. দিলীপ দাস।

****************************

**Tourism Minister :**

পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী আজ চম্পকনগর থেকে খয়েরপুর পর্যন্ত জাতীয় সড়কের প্রশস্তকরনের কাজের অগ্রগতি পর্যালোচনা করেন। বৈঠকে উপস্থিত ছিলেন পশ্চিম জেলার জেলা শাসক ডাঃ বিশাল কুমার, জিরানিয়ার মহকুমা শাসক ও স্থানীয় জনগণ।

***************************

**Fishary Minister :**

মৎস্য মন্ত্রী সুধাংশু দাস মৎস্য দপ্তরের কাজকর্ম নিয়ে আজ আগরতলার গোর্খাবস্তিতে এক পর্যালোচনা বৈঠক করেন। এই বৈঠকে চলতি অর্থবছরে মৎস্য দপ্তরের পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। তাছাড়া

চলতি প্রকল্পগুলির কাজের অগ্রগতি নিয়ে মৎস্য দপ্তরের আধিকারিকদের কাছ থেকে অবহিত হন। বৈঠকে মৎস্য মন্ত্রী বৈজ্ঞানিক পদ্ধতিতে মাছ চাষ করে স্বাবলম্বী হবার উপর গুরুত্ব আরোপ করেন।

*************************

**Bikash Debbarma :**

জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেব্বর্মা আজ জানিয়েছেন তিনটি বিদ্যালয়কে উচ্চ বুনিয়াদী বিদ্যালয়ে উন্নীত করা হয়েছে। বিদ্যালয়গুলি হল আমবাসা সাধুটিলার রাধা মোহন মেমোরিয়াল বিদ্যালয়, কাঞ্চনপুরের উরিছড়ার রতনমনি মেমোরিয়াল বিদ্যালয় ও করবকুকের আশ্রম স্কুল।

**********************

**May Day :**

সি.পি.আই.এম ও সি.আই.টি.ইউ-এর উদ্যোগে আজ রাজ্যের বিভিন্ন স্থানে আন্তর্জাতিক শ্রমিক দিবস পালন করা হয়। এ উপলক্ষে আগরতলায় সিপিআইএম এর পশ্চিম জেলা অফিসে অনুষ্ঠিত এক সভায় প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার, সিআইটিইউর সভাপতি মানিক দে, সাধারণ সম্পাদক শংকর প্রসাদ দত্ত ও সিপিআইএম নেত্রী মহুয়া কর মে দিবসের তাৎপর্য ব্যাখ্যা করেন বক্তব্য রাখেন। এর আগে আজ সকালে আগরতলায় সিপিআইএম রাজ্য দপ্তর আয়োজিত অনুষ্ঠানে বিরোধী দলনেতা জীতেন্দ্র চৌধুরী ও সিআইটিইউ রাজ্য দপ্তরে সংগঠনের রাজ্য সভাপতি শংকর প্রসাদ দত্ত ও সম্পাদক মানিক দে বক্তব্য রাখেন।

আন্তর্জাতিক শ্রমিক দিবস উপলক্ষে আজ এস ইউ সি আই(সি) রাজ্য কমিটির উদ্যোগে বটতলায় এক সভায় আয়োজন করা হয়। বক্তব্য রাখেন সংগঠনের রাজ্য সম্পাদক অরুণ ভৌমিক।

প্রফেশনাল সেইলস রিপ্রেজেন্টেটিভ ইউনিয়নের উদ্যোগে আন্তর্জাতিক শ্রমিক দিবস উপলক্ষে একটি রেলি আগরতলা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে।

সাব্রুমে আয়োজিত কর্মসূচিতে উপস্থিত ছিলেন সিপিআইএম জেলার ভারপ্রাপ্ত সম্পাদক মিহির পাটারী ও সিটুর সাব্রুম মহকুমা সম্পাদক দীপক দে। বিলোনিয়ার অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক দীপংকর সেন ও সিপিআইএম বিলোনিয়া মহকুমা সম্পাদক বিজয় তিলক।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

******************************

**WAVES 2025 :**

#######Sound Byte#######

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, বিশ্বব্যাপী সৃজনশীলতার নেতৃত্ব দেওয়ার জন্য ভারতের জন্য এটিই উপযুক্ত মুহূর্ত। আজ মুম্বাইয়ের জিও ওয়ার্ল্ড কনভেনশন সেন্টারে প্রথম ওয়ার্ল্ড অডিও ভিজ্যুয়াল এন্টারটেইনমেন্ট সামিট, ওয়েভস ২০২৫-এর উদ্বোধন করে একথা বলেন তিনি। এই ওয়েভস আগামী চৌঠা মে পর্যন্ত চলবে। প্রধানমন্ত্রী বলেন, ওয়ার্ল্ড অডিও ভিজ্যুয়াল এন্টারটেইনমেন্ট সামিট, ওয়েভস কোনও সংক্ষিপ্ত রূপ নয়, বরং এটি সংস্কৃতি, সৃজনশীলতা এবং সর্বজনীন সংযোগের একটি তরঙ্গ। তিনি বলেন, এটি একটি বিশ্বব্যাপী মঞ্চ যা শিল্পী এবং স্রষ্টাদের নতুন ধারণা প্রচার করবে। প্রধানমন্ত্রী বলেন, ১০০ টিরও বেশি দেশের শিল্পী, উদ্ভাবক, বিনিয়োগকারী

এবং নীতিনির্ধারকরা এক ছাদের নীচে একত্রিত হওয়ায় ওয়েভস বিশ্বের দৃষ্টি আকর্ষণ করছে। ওয়েভস বাজার উদ্যোগের প্রশংসা করে তিনি বলেন, এটি উদ্ভাবক এবং স্রষ্টাদের উৎসাহিত করবে।

######Byte-PM######

প্রধানমন্ত্রী বলেন, ওয়েভস সামিট বিশ্বব্যাপী মঞ্চে ভারতের সৃজনশীল শক্তি তুলে ধরে। তিনি বলেন, আজ ভারত চলচ্চিত্র প্রযোজনা, ডিজিটাল কন্টেন্ট, গেমিং, ফ্যাশন, সঙ্গীত এবং লাইভ কনসার্টের জন্য একটি বিশ্বব্যাপী কেন্দ্র হিসেবে আবির্ভূত হচ্ছে। তিনি বলেন, বর্তমানে বিশ্বব্যাপী অ্যানিমেশন বাজারের মূল্য ৪৩০ বিলিয়ন ডলারেরও বেশি এবং আগামী দশকের মধ্যে এটি দ্বিগুণ হওয়ার সম্ভাবনা রয়েছে। তিনি বলেন, এটি ভারতের অ্যানিমেশন এবং গ্রাফিক ডিজাইন শিল্পের জন্য বিশ্বব্যাপী উন্নতি এবং নিজেকে প্রতিষ্ঠিত করার জন্য একটি উল্লেখযোগ্য সুযোগ উপস্থাপন করে।

শ্রী মোদী আরও বলেন যে দেশটি তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত হওয়ার জন্য প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে এবং এটি বিশ্বের তৃতীয় বৃহত্তম স্টার্টআপ ইকোসিস্টেম। তিনি বলেন, বিকশিত ভারতের দিকে যাত্রা সবেমাত্র শুরু হয়েছে।

######Byte-PM######

প্রধানমন্ত্রী বলেন, ভারতীয় চলচ্চিত্র এখন বিশ্বের প্রতিটি কোণে পৌঁছে যাচ্ছে এবং আজ ১০০ টিরও বেশি দেশে ভারতীয় চলচ্চিত্র মুক্তি পাচ্ছে। তিনি বলেন, দেশের ওটিটি সেক্টরে অসাধারণ প্রবৃদ্ধি ঘটেছে। তিনি দেশের যুব সমাজকে বিশ্বের কাছে ভারতের অজস্র অকথিত কাহিনী তুলে ধরার আহ্বান জানান।

#######Sound Byte#######

******************************

**US Backs India :**

মার্কিন প্রতিরক্ষা সচিব পিট হেগসেথ আজ প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিংয়ের সঙ্গে কথা বলেছেন এবং পহেলগামে সন্ত্রাসী হামলায় প্রাণহানির ঘটনায় গভীর সহানুভূতি প্রকাশ করেছেন। সচিব হেগসেথ বলেছেন যে আমেরিকা ভারতের সঙ্গে সংহতি প্রকাশ করে এবং ভারতের আত্মরক্ষার অধিকারকে সমর্থন করে। তিনি সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের লড়াইয়ে মার্কিন যুক্তরাষ্ট্রের দৃঢ় সমর্থন পুনর্ব্যক্ত করেছেন।

কথোপকথনের সময়, প্রতিরক্ষামন্ত্রী শ্রী হেগসেথকে বলেন যে পাকিস্তানের, সন্ত্রাসী সংগঠনকে সমর্থন, প্রশিক্ষণ এবং অর্থায়নের ইতিহাস রয়েছে। শ্রী সিং বলেন যে পাকিস্তান একটি দুর্বৃত্ত রাষ্ট্র হিসেবে উন্মোচিত হয়েছে, যারা বিশ্বব্যাপী সন্ত্রাসবাদকে ইন্ধন জোগাচ্ছে এবং এই অঞ্চলকে অস্থিতিশীল করছে। তিনি আরও বলেন যে বিশ্ব আর সন্ত্রাসবাদের প্রতি চোখ বন্ধ করে থাকতে পারে না। তিনি বলেন, বিশ্ব সম্প্রদায়ের জন্য স্পষ্টভাবে এবং দ্ব্যর্থহীনভাবে সন্ত্রাসবাদের এই জঘন্য কর্মকাণ্ডের নিন্দা করা এবং এর বিরুদ্ধে আহ্বান জানানো গুরুত্বপূর্ণ।

****************************

**Congress :**

বিধায়ক সুদীপ রায় বর্মন ককবরক ভাষার সমস্ত পাঠ্য বই রোমান স্ক্রিপ্টে ছাপানোর জন্য দাবি জানিয়েছেন। ককবরক এবং অন্যান্য সংখ্যালঘু ভাষা দপ্তরের অধিকর্তার কাছে লেখা এক চিঠিতে তিনি এই দাবি জানিয়েছেন।

*****************************

**Under-15 Cricket :**

রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৫ ক্রিকেটে সদর-এ ফাইনালে উঠেছে। বিশালগড়ের মাঠে আজ আসরের সেমিফাইনালে সদর-এ ৩৭ রানে উদয়পুরকে পরাজিত করে। এদিকে তেলিয়ামুড়ার মাঠে খোয়াই ও কমলপুরের মধ্যে অপর সেমিফাইনাল ম্যাচটি বৃষ্টিতে পরিত্যক্ত হয়। এই ম্যাচটি আগামীকাল হবে। আসরের ফাইনাল হবে আগামী তেসরা মে।

*******************************

**Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত আন্ত: জেলা ফুটবল প্রতিযোগিতার অনূর্ধ্ব ১৩ বছরের আসরে ধলাই জেলা ও গোমতী জেলা ফাইনালে খেলবে। আগামীকাল বিকালে ফাইনাল ম্যাচটি হবে। আজ উমাকান্ত মিনি স্টেডিয়ামে সকালে আসরের দুটি সেমিফাইনাল হয়। এতে ধলাই জেলা ৪-০ গোলে

দক্ষিণ জেলাকে এবং গোমতি জেলা ৬–০ গোলে সিপাহীজলা জেলাকে হারিয়ে দেয়। এদিকে অনূর্ধ্ব ১৭ বছরের আসরে ধলাই জেলা ফাইনালে উঠেছে। একই মাঠে বিকালে অনুষ্ঠিত সেমিফাইনালে ধলাই জেলা ৩–১ গোলে দক্ষিণ জেলাকে হারিয়ে দেয়।

************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ সকাল সাড়ে আটটা থেকে সন্ধ্যা সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলা বিমানবন্দর এলাকায় বৃষ্টিপাতের পরিমান হয়েছে ১০ মিলিমিটার। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ দশমিক আট ডিগ্রি সেলসিয়াস।

*************************